সংবাদ

তারিখ ... 07 APR 2017 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ৪ ...

## হোমনা রেহানা মজিদ মহিলা কলেজ

# অধ্যক্ষের অনিয়মের প্রতিবাদ ভাঙচুরের অভিযোগে মামলা

প্রতিনিধি, হোমনা (কুমিল্লা)

কুমিল্লার হোমনা উপজেলার রেহানা মজিদ মহিলা কলেজের অধ্যক্ষের নানা অনিয়মের প্রতিবাদ করায় ছাত্রলীগ নেতার নেতৃত্বে কলেজ ভাঙচুরের অভিযোগ এনে থানায় মামলা দায়ের করা হয়েছে। গত মঙ্গলবার বিকালে কলেজের অধ্যক্ষ মো. মজিবুর রহমান বাদী হয়ে উপজেলা ছাত্রলীগের আহ্বায়ক রফিকুল ইসলামসহ ২০ জনের বিরুদ্ধে এ মামলা দায়ের করেন।

থানা পুলিশ, শিক্ষার্থী ও কলেজ সূত্রে জানা যায়, রেহানা মজিদ কলেজের এইচএসসি পরীক্ষার্থীদের প্রবেশপত্র প্রদানের সময় প্রতি শিক্ষার্থীদের কাছ থেকে অনৈতিকভাবে ৬শ' থেকে ১ হাজার টাকা পর্যন্ত আদায় করা হয়। এ নিয়ে বেশ কয়েকটি পত্রিকায় একটি প্রতিবেদন প্রকাশ হয়। এছাড়াও হোমনা ডিগ্রি কলেজের এইচএসসি পরীক্ষা কেন্দ্র পরেছে রেহানা মজিদ কলেজে। সেখানেও পরীক্ষার্থীদের নির্দিষ্ট সময়ের মধ্যে খাতা, প্রশ্নপত্র না দেয়া এবং ৩ ঘন্টা অতিবাহিত না হতেই খাতা টেনে নেয়ার ব্যাপক অভিযোগ উঠে এসব পরীক্ষার্থীদের [illegible]ক। ডিগ্রি কলেজের বিদ্যুৎসাহী সদস্য ও উপজেলা ছাত্রলীগের আহ্বায়ক মো. রফিকুল ইসলামের কাছে বিক্ষুব্ধ শিক্ষার্থীরা বিষয়টি জানালে মঙ্গলবার পৌনে ১০টার দিকে তিনি রেহানা মজিদ কলেজ কর্তৃপক্ষের সঙ্গে কথা বলতে গেলে ওই কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ও অধ্যক্ষ মজিবুর রহমানের সঙ্গে বাকবিতণ্ডা হয়। এই ঘটনায় রেহানা মজিদ কলেজের অধ্যক্ষ মো. মজিবুর রহমান বাদী হয়ে ছাত্রলীগের আহ্বায়ক রফিকুল ইসলামসহ ৮ শিক্ষার্থী ও ছাত্রলীগ কর্মীর নাম উল্লেখ করে এবং অজ্ঞাত আরও ১২ জনের নামে অভিযোগ এনে থানায় মামলা দায়ের করা হয়।

অভিযোগে উল্লেখ করা হয়, রফিকুল ইসলামের নেতৃত্বে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করে ভবনের কয়েকটি জানালার কাচ ও প্রধান ফটক ক্ষতিগ্রস্ত করা হয়।

নাম প্রকাশ না করার শর্তে কয়েকজন সিনিয়র আ'লীগের রাজনীতিবিদ বলেন, রফিকের বিরুদ্ধে মামলা সত্যিই দুঃখজনক। ওর মত শান্ত প্রকৃতির ছেলে হয় না। ও সচরাচর কারো সঙ্গে খারাপ আচরণও করে না। আমরা প্রশাসনকে বলবো সঠিক তদন্ত করে দোষীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হউক।

হোমনা রেহানা মজিদ কলেজ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা মজিবুর রহমান বলেন, তার বিরুদ্ধে অনিয়মের কথা অস্বীকার করে তিনি সাংবাদিকদের বলেন, 'আমার পরীক্ষা কেন্দ্রে হোমনা ডিগ্রি কলেজের পরীক্ষার্থীরা পরীক্ষা দিচ্ছে। মঙ্গলবার সকাল সাড়ে ৯টার দিকে ছাত্রলীগ নেতা রফিকুল ইসলামের নেতৃত্বে কয়েকজন ১৪৪ ধারা ভঙ্গ করে কেন্দ্রে প্রবেশের চেষ্টা চালায়। আমি তাদের প্রবেশে বাধা দিলে তারা তা অমান্য করে কলেজ কেন্দ্র ভাঙচুর চালায়। এ বিষয়ে থানায় মামলা করেছি। উপজেলা ছাত্রলীগের আহ্বায়ক রফিকুল ইসলাম বলেন, রেহানা মজিদ কলেজের অধ্যক্ষ মো. মুজিবুর রহমানের নানা অনিয়মের বিরুদ্ধে প্রতিবাদ করায় আমার বিরুদ্ধে মিথ্যা মামলা দায়ের করা হয়েছে। আমি এর প্রতিবাদ জানাই। থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা রসুল আহমদ নিজামী বলেন, ছাত্রলীগ নেতা রফিকুল ইসলাম আমার জানা মতে খুব শান্ত একটা ছেলে। কিন্তু সে কেন রেহেনা মজিদ কলেজ কেন্দ্রে এমন ঘটনা ঘটিয়েছে আমার বোধগম্য নয়। আমি উপরের নির্দেশে মামলা নিয়েছি।